গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## ২০২৩-২৪ অর্থবছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এপিএ কমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল মজুমদার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:৩০ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভায় প্রধান অতিথি ড. মহিউদ্দীন আহমেদ, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সরকারি অফিসমূহে প্রবর্তিত কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে [বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)] ফলপ্রসূ এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে এপিএ কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট ও এপিএ) এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এ "এপিএ টিম অর্থবছরের প্রতি দুই মাসে অন্তত একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট কাজের অগ্রগতি পর্যালোচনা করবে ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে" মর্মে নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে ১৬-০৮-২০২৩ তারিখে ১ম, ১০-১০-২০২৩ তারিখে ২য় ও ২৭-১২-২০২৩ তারিখে এপিএ টিমের ৩য় সভা অনুষ্ঠিত হয়েছে। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা এপিএ'র কার্যক্রমসমূহের প্রতিটি কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। সভায় বর্তমান ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

০৩। জাতীয় ক্রীড়া পরিষদের এপিএ'র কার্যক্রম [১.১.১] জেলা পর্যায় স্টেডিয়াম/ক্রীড়া স্থাপনা নির্মাণে দরপত্র প্রক্রিয়াকরণ (লক্ষ্যমাত্রা ৪টি) এবং কার্যক্রম [১.১.২] উপজেলা পর্যায়ে স্টেডিয়াম/ক্রীড়া স্থাপনা নির্মাণে জমি অধিগ্রহণ (লক্ষ্যমাত্রা ২৫টি) এর বিপরীতে এখনও কোনো অর্জন নেই। এছাড়া, কার্যক্রম [১.১.৩] উপজেলা পর্যায়ে স্টেডিয়াম/বিবিধ ক্রীড়া স্থাপনা নির্মাণ (লক্ষ্যমাত্রা ৭৫টি) এর বিপরীতে ২৫টি অর্জন হয়েছে। এ বিষয়ে জাতীয় ক্রীড়া পরিষদের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান যে উক্ত কার্যক্রম [১.১.১] এর লক্ষ্যমাত্রা জুন, ২০২৪ এর মধ্যে অর্জিত হবে, কার্যক্রম [১.১.২] এর লক্ষ্যমাত্রার বিপরীতে সর্বশেষ ০৯টি উপজেলাতে জমি অধিগ্রহণের অবশিষ্ট অধিগ্রহণ মূল্য প্রদানের বিষয়ে অর্থ মন্ত্রণালয় হতে সম্মতি প্রদান করা হয়েছে। উপজেলা পর্যায়ে ক্রীড়া স্থাপনা নির্মাণে জমি অধিগ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক জমি অধিগ্রহণে দীর্ঘসূত্রিতা এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক জমি অধিগ্রহণের ক্ষেত্রে ৭ ধারা নোটিশ জারি অন্তে অর্থ মন্ত্রণালয় হতে অর্থ ছাড়করণের সম্মতি জ্ঞাপনের সিদ্ধান্তের প্রেক্ষিতে অধিগ্রহণে বিলম্বিত হচ্ছে। অধিকন্তু এ খ্যাতে অর্থ-বরাদ্দের ক্ষেত্রেও অপ্রতুলতা বিদ্যমান। কার্যক্রম

[১.১.৩] এর বিষয়ে জানানো হয় যে জমি অধিগ্রহণ কার্যক্রম সম্পাদন অন্তে নির্মাণ কাজের দরপত্র আহবান করা হয়। জমি অধিগ্রহণে বিলম্ব এবং ADP-তে প্রয়োজনীয় অর্থের বরাদ্দ না থাকায় সম্পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জন হবে না।

০৪। ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র সকল কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণকসমূহ সরবরাহের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। উপরন্তু যেসকল সূচকের লক্ষমাত্রা অর্জন কষ্ঠস্বাধ্য মর্মে প্রতীয়মান হয় সেসকল সূচকের বিষয়ে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং বাস্তবায়নে যে কোন প্রকার বাধা-বিপত্তি, সমস্যার সম্মুখীন হলে তা সংশ্লিষ্টগণের সাথে আলোচনাক্রমে প্রয়োজনে পত্র যোগাযোগ/স্ব-শরীরে ভিজিট করে সেগুলো সমাধান তরান্বিত করার জন্য প্রধান অতিথি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত-১:** জাতীয় ক্রীড়া পরিষদের এপিএ’র কার্যক্রম [১.১.১] জেলা পর্যায় স্টেডিয়াম/ক্রীড়া স্থাপনা নির্মাণে দরপত্র প্রক্রিয়াকরণ, কার্যক্রম [১.১.২] উপজেলা পর্যায়ে স্টেডিয়াম/ক্রীড়া স্থাপনা নির্মাণে জমি অধিগ্রহণ এবং কার্যক্রম [১.১.৩] উপজেলা পর্যায়ে স্টেডিয়াম/বিবিধ ক্রীড়া স্থাপনা নির্মাণ এর বিপরীতে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জোড়ালো পদক্ষেপ গ্রহণ করতে হবে;

**সিদ্ধান্ত- ২:** মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থার এপিএ'র সকল কার্যক্রমের কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনে যথাযথ পদক্ষেপ গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রমাণক সরবরাহ করতে হবে;

**সিদ্ধান্ত-৩:** যেসকল সূচকের লক্ষমাত্রা অর্জন কষ্ঠস্বাধ্য মর্মে প্রতীয়মান হয় সেসকল সূচকের বিষয়ে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা গ্রহণ করতে হবে এবং বাস্তবায়নে যে কোন প্রকার বাধা-বিপত্তি, সমস্যার সম্মুখীন হলে তা সংশ্লিষ্টগণের সাথে আলোচনাক্রমে প্রয়োজনে পত্র যোগাযোগ/স্ব-শরীরে ভিজিট করে সেগুলো সমাধান তরান্বিত করতে হবে।

০৬। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল মজুমদার
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম প্রধান

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫২.২২.০০১.২৩.১৩

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩০
০৭ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা

২) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

৩) অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৪) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
৫) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
৬) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
৭) যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
৮) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা
৯) উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা
১১) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
১৩) সিস্টেম এনালিস্ট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

উম্মে ইসরাত
উপসচিব